গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও

# জুন ২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব বিকাশ চন্দ্র বর্মণ<br>প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও |
| তারিখ | : | ২৪ জুন ২০২৫ খ্রিঃ |
| সময় | : | বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ, হরিপুর |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে সংরক্ষিত**

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভায় জুন ২০২৫ মাসে উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করা হয় এবং নিম্নবর্ণিতভাবে আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

**০১।বিভাগী/দপ্তর ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তঃ**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ সভায় জানান, অত্র ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। কিছু কিছু রাস্তায় বর্ষার সময় জনগণের চলাচলে সমস্যা হয়। রাস্তাগুলিতে রাবিস দেয়া প্রয়োজন। | গেদুড়া ইউনিয়নের আওতায় যেসমস্ত রাস্তায় বৃষ্টির কারণে চলাচলে সমস্যা হচ্ছে সেগুলি চিহ্নিত করে তার তালিকা উপজেলা প্রেরণ করার জন্য চেয়ারম্যান, ১নং গেদুড়া ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | ১. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ |
| চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ২নং আমগাঁও ইউনিয়ন পরিষদ সভায় জানান, অত্র ইউনিয়নের যাদুরানী বাজার একটি বড় বাজার। উক্ত বাজারের রাস্তাগুলিতে চলাচলে অনুপযোগী হয়ে দাড়িয়েছে। দ্রুত রাবিস দিয়ে চলাচলের উপযোগী করা প্রয়োজন। ইতোমধ্যে কিছু রাবিস দেয়া হলেও তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। বাজারের ভিতরে এবং বাজার সংলগ্ন রাস্তায় জরুরী ভিত্তিতে ব্যবহার উপযোগী করার লক্ষ্যে রাবিস দেয়ার অনুরোধ জানান। | যাদুরাণী বাজারে জরুরী ভিত্তিতে রাবিস দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা পরিষদ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। চেয়ারম্যান, ২নং আমগাঁও ইউনিয়ন পরিষদকে কি পরিমাণ রাবিস প্রয়োজন তা জানানোর জন্য অনুরোধ করা হয়। | ১. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন পরিষদ |
| চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান, অত্র ইউনিয়নের ধীরগঞ্জ রাস্তায় বর্ষার সময় কাদা হয় ফলে মানুষের যাতায়াত করতে সমস্যা হয় সেজন্য ঐ রাস্তাগুলোতে রাবিশ দিতে হবে। | অত্র ইউনিয়নের রাস্তায় রাবিশ দিতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. চেয়ারম্যান, ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান অত্র ইউনিয়নের আওতায় কিছু রাস্তাঘাট বর্ষার কারণে প্রায় অকেজো। সাধারণ জনগণের চলাচলে ব্যাঘাত দেখা দিয়েছে। রাস্তাগুলি সংস্কারসহ রাবিস দেয়া হলে জনগণ উপকৃত হতো। বিশেষ করে ৫নং ওয়ার্ডের হাটপুকুর গ্রামের রেজাউলের বাড়ি হতে জসিমের বাড়ী পার হয়ে গোরস্তান পর্যন্ত রাস্তাটি চলাচলে চরম দুর্ভোগের সৃষ্টি হয়েছে। দ্রুত রাবিস দিয়ে চলাচলের উপযোগী করা প্রয়োজন। এছাড়াও তিনি আরও জানান সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থীর উপস্থিতি অনেক কম দেখা যাচ্ছে। এ বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে দৃষ্টি আকর্ষণ করেন। | হরিপুর ইউনিয়নের আওতায় যেসমস্ত রাস্তায় বৃষ্টির কারণে চলাচলে সমস্যা হচ্ছে সেগুলি চিহ্নিত করে তার তালিকা উপজেলায় দাখিল করার জন্য চেয়ারম্যান, ৫নং হরিপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। এছাড়াও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করণের জন্য সংশ্লিষ্ট উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | ১. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. চেয়ারম্যান, ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ<br>৪. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হরিপুর |
| কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। চলমান প্রনোদনা সফলভাবে বিতরণ করা হয়েছে। এছাড়াও অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর |
| স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এখন ল্যাম্পি ভাইরাসের প্রবণতা বেড়ে গেছে এজন্য সকলকে সচেতন হতে হবে এছাড়াও অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তেমন কোন সমস্যা নেই। | ল্যাম্পি ভাইরাস রোধে কাজ করতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর |
| মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর |
| পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী সভায় জানান, এ উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনের নিমিত্ত ২০২৪-২৫ অর্থবছরে স্থানীয় সরকার বিভাগ হতে ৫৩,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। পাবলিক লাইব্রেরী নির্মাণের জন্য স্থান নির্বাচন করা প্রয়োজন। উপজেলা পরিষদ সংলগ্ন পশ্চিম পার্শ্বে সাব-রেজিস্ট্রি অফিস সংলগ্ন ফাকা জায়গায় পাবলিক লাইব্রেরী স্থাপন করা যেতে পারে। এবিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। এছাড়াও অত্র দপ্তরের আওতায় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ২০২৪-২৫ অর্থবছরে পাবলিক লাইব্রেরী স্থাপনের নিমিত্ত উপজেলা পরিষদ সংলগ্ন পশ্চিম পার্শ্বে সাব-রেজিস্ট্রি অফিস সংলগ্ন ফাকা জায়গায় পাবলিক লাইব্রেরী স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও<br>২। উপজেলা প্রকৌশলী, হরিপুর, ঠাকুরগাঁও |
| শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর |

| | | | |
|---|---|---|---|
| দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে ৫২টি শিক্ষা প্রতিষ্ঠানে ৫০০০/- টাকা করে বরাদ্দ পাওয়া গেছে। নির্দেশনা অনুযায়ী বরাদ্দকৃত অর্থদিয়ে কার্যক্রম হাতে নেয়া হয়েছে। অফিসের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হরিপুর |
| জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াসব্লক এর নির্মাণাধীন কাজ চালু আছে। অন্যান্য দাপপ্তরি কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | জনস্বাস্থ্য প্রকৌশল, হরিপুর |
| উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর |
| যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরের আওতায় প্রশিক্ষণ, ঋণ বিতরণ, ঋণ আদায় সন্তোষজনকভাবে চলছে। খামারীদের জন্য ৪০ লক্ষ্য টাকার ঋণ প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরি কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর |
| সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়াও তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা, হরিপুর |
| খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অত্র দপ্তরের আওতায় বোরো ধান ও চাল/২০২৫ কার্যক্রম চলমান। কৃষকের নিকট থেকে এবং অনুমোদিত কৃষকের নিকট থেকে ঋণ সংগ্রহ চলমান এবং চুক্তিবদ্ধ মিলারের নিকট থেকে চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর |
| পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হরিপুর |
| উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর |
| প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের কাবিখা ও টিআর প্রকল্প কাজ সমাপ্ত হয়েছে। অন্যান্য চলমান কার্যক্রম নিয়মিত চলমান রয়েছে। প্রকল্পসমূহ নিয়মিত তদারকি করা হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর |
| মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হরিপুর |
| সেটেলমেন্ট বিভাগ | উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তা, হরিপুর |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড কর্মকর্তা সভায় জানান, প্রশিক্ষণ চলমান রয়েছে এছাড়াও তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, হরিপুর |
| বন বিভাগ | ফরেস্টার, সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | ফরেস্টার, হরিপুর |
| বরেন্দ্র দপ্তর | সহকারী প্রকৌশলী বিএমডিএ(প্রতিনিধি) সভায় জানান, অত্র দপ্তরের তেমন কোন সমস্যা নেই। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হরিপুর |
| পল্লী দারিদ্র | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, | দাপ্তরিক কার্যক্রমের ধারা | পল্লী দারিদ্র বিমোচন |

| | | | |
|---|---|---|---|
| বিমোচন ফাউন্ডেশন | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | অব্যাহত রাখতে হবে। | ফাউন্ডেশন, হরিপুর |
| তথ্য আপা | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান, উপজেলা তথ্যকেন্দ্র অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা তথ্য কর্মকর্তা, হরিপুর |
| বাংলাদেশ পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানেজার(প্রতিনিধি) সভায় জানান, বিদ্যুৎ একটি অপরিহার্য বিষয় তাই অত্র দপ্তর এটিতে সার্বক্ষণিক কাজ করে যাচ্ছে। অত্র উপজেলার কিছু কিছু সরকারি দপ্তরসমূহের বিদ্যুৎ বিল নিয়মিতভাবে পরিশোধ করায় ধন্যবাদ জানান। এছাড়াও অন্যান্য সরকারি দপ্তরসমূহের কিছু বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে; যা ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে পরিশোধের জন্য অনুরোধ জানান। | অত্র উপজেলার সকল সরকারি দপ্তরসমূহকে বকেয়া বিদ্যুৎ বিল ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে পরিশোধের জন্য অনুরোধ করা হয়। | ১। বাংলাদেশ পল্লী বিদ্যুৎ সমিতি, হরিপুর<br>২। অত্র উপজেলার সকল দপ্তর প্রধান |
| উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি সভায় জানান, অত্র উপজেলায় আমি নতুন যোগদান করেছি। এ উপজেলার সার্বিক উন্নয়নে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও সরকারি দপ্তর প্রধানদের তাদের নিজ নিজ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের অনুরোধ জানান। আইন-শৃঙ্খলা বাহিনীকে আরও সজাগ থাকার আহ্বান জানান। হরিপুর উপজেলা সীমান্তবর্তী উপজেলা হওয়ায় বিজিবিকে টহলদারী আরও বৃদ্ধি করার অনুরোধ জানান। ইউপি চেয়ারম্যানদের জন্মনিবন্ধন, মৃত্যুসনদ প্রদানের ক্ষেত্রে সঠিকতা যাচাইপূর্বক প্রদানের আহ্বান জানান। এছাড়াও প্রশাসনকে সার্বিক সহায়তা প্রদানের আহ্বান জানান। | কোরবানি উপলক্ষ্যে স্থানীয় গরু যেন ঢাকায় নির্বিঘ্নে যায় সে লক্ষ্যে ইজারাদারদের অনুরোধ করা হয় এবং পশুর হাটে পকেটমার, ছিনতাই ইত্যাদি অপরাধরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও অফিসার ইনচার্জ, হরিপুর ব্যবস্থা নিবেন। সকল দপ্তরের দাপ্তরিক কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে অনুরোধ করেন। | (১) উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানগণ<br>(২) অফিসার ইনচার্জ, হরিপুর<br>(৩) সকল ইউপি চেয়ারম্যান<br>(৪) সকল মসজিদের ঈমামগণ |

**০৩।বিবিধঃ**

(০১) আলোচনায় প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদে জুলাই/২৫ মাসে অগ্রিম আপ্যায়ন খাতে ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) এবং জুলাই/২৫ মাসে অগ্রিম আনুষাঙ্গিক খাতে ৫,০০০/- টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| আনুষাঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(২) আলোচনায় প্রশাসক উপজেলা পরিষদ, হরিপুর জানান যে, অত্র পরিষদে জুন/২০২৫খ্রিঃ মাসে ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। প্রকাশক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(০৩) আলোচনায় প্রশাসক উপজেলা পরিষদ, হরিপুর সভায় জানান যে, জুন/২০২৫খ্রিঃ মাসে অত্র উপজেলা পরিষদের টেনিস একাডেমির ভিতর বাহিরের ময়লা আবর্জনা ও চারপাশের আগাছা পরিস্কারকরণ বাবদ ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র)ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| অত্র উপজেলা পরিষদের টেনিস একাডেমির ভিতর বাহিরের ময়লা আবর্জনা ও চারপাশের আগাছা পরিস্কারকরণ বাবদ ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র)টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(০৪) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদ জীপগাড়ির ফেব্রুয়ারি থেকে জুন/২০২৫খ্রিঃ মাসে জালানী বিল বাবদ ১,২৪,৪৪০/- (এক লক্ষ চব্বিশ হাজার চারশত চল্লিশ) টাকা প্রদান করা হয়েছে যা অদ্যকার সভায় অনুমোদন করা প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ভ্রমন বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদ জীপগাড়ির ফেব্রুয়ারি থেকে জুন/২০২৫খ্রিঃ মাসে জালানী বিল বাবদ ১,২৪,৪৪০/- (এক লক্ষ চব্বিশ হাজার চারশত চল্লিশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

| | |
|---|---|
| ...ন করা হয়। | |

(০৫) জনাব সুদেব পাল, সার্টিফিকেট সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, ২৪-২৫ অর্থবছরে অত্র উপজেলার ইউপি সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের ইউপি অংশের ২৫% হিসেবে বেতন, ৫০% হিসেবে উৎসব ভাতা এবং ১০% হিসেবে সিপিএফ প্রদান করার নির্দেশনা রয়েছে। কিন্তু ১% হিসেবে পর্যাপ্ত টাকা না থাকায় ৫০% হিসেবে উৎসব ভাতা =৫,১৫,০০০/- এবং ১০% হিসেবে সিপিএফ =৩,৫০,০০০/- টাকা রাজস্ব তহবিল থেকে প্রদান করা যেতে পারে।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| ৫০% হিসেবে উৎসব ভাতা =৫,১৫,০০০/- এবং ১০% হিসেবে সিপিএফ =৩,৫০,০০০/- টাকা টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(০৬) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, অত্র উপজেলা প্রত্যন্ত ও সীমান্তবর্তী। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ঘ মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে অপ্রত্যাশিত খাতে ব্যয় করা যাবে। সে মোতাবেক এ উপজেলায় গরীব ও অসহায় মানুষের মাঝে সহায়তা হিসেবে ১(এক) জন মানুষকে ২,০০০/-(দুই হাজার) টাকা প্রদান করা হয়েছে। যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| সহায়তা বাবদ সর্বমোট ২,০০০/-(দুই হাজার) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

(০৭) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদের কৃষি কোয়ার্টার দীর্ঘদিন থেকে মেরামত করা হয়নি সেজন্য এটি মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দশিকা, ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং-ক মোতাবেক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে করা যাবে। সে মোতাবেক উপজেলা পরিষদের শ্বাশত কোয়ার্টার মেরামত ও বৃষ্টি বিলাসের সামনের অংশ রংকরণ বাবদ প্রাক্কলিত ব্যয়=১,৪০,০০০/-(এক লক্ষ চল্লিশ হাজার) টাকা। উক্ত প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করতে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের শ্বাশত কোয়ার্টার মেরামত ও বৃষ্টি বিলাসের সামনের অংশ রংকরণ বাবদ প্রাক্কলিত ব্যয়=১,৪০,০০০/-(এক লক্ষ চল্লিশ হাজার) টাকা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করতে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর |

(০৮) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, গত ফেব্রুয়ারি, ২০২০ মাসে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ক্রমিক ফ. মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে মশা নিধনে প্রতিটি ইউনিয়নে প্রতি অর্থবছরে সবোর্চ্চ ১০,০০০/-(দশ) হাজার টাকা ব্যয় করা যাবে। চলতি ২০২৪-২৫ অর্থ বছরে অত্র উপজেলার সকল ইউনিয়নে মশা নিধনের জন্য মেশিন ও মশার ঔষধ ক্রয় বাবদ=৬০,০০০/-(ষাট) হাজার টাকার বিল দাখিল করেছেন। ব্যয়িত বিল সদয় অনুমোদন করা হলে উপজেলা রাজস্ব তহবিল হতে সমুদয় অর্থ প্রদানের জন্য ক্রস চেক ইস্যু/প্রস্তত করা যেতে পারে।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| চলতি ২০২৪-২৫ অর্থ বছরে অত্র উপজেলার সকল ইউনিয়নে মশা নিধনের জন্য মেশিন ও মশার ঔষধ ক্রয় বাবদ=৬০,০০০/-(ষাট) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর |

(০৯) চলতি ২০২৪-২৫ অর্থ বছরে জুন/২৫ মাসে পবিত্র ঈদ-উল আযহায় সরকারি ছুটি থাকায় অত্র উপজেলা পরিষদের নিরাপত্ত নিশ্চিত করার নিমিত্ত ০৫-০৬-২৫ হতে ১৫-০৬-২৫ পর্যন্ত মোট ১০দিনে ৪ জন আনসার সদস্য নিয়োজিত করা হয়। স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের গত ফেব্রুয়ারি, ২০২০খ্রিঃ মাসে প্রকাশিত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ম নং অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের সভার সিদ্ধান্তক্রমে নিরাপত্তা খাত(আনসার) প্রতি অর্থ বছরে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে। অপরদিকে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকার গত ২৫-০১-২০২৩খ্রিঃ তারিখের ৪৪.০৩.০০০০.০৪৪.১০.১৬৪.১৯-১১৬ নং স্মারকপত্র মোতাবেক অঙ্গীভূত আনসার সদস্যদের পিসি/এপিসি ৫২৫/- ও আনসার সদস্য ৪৭৫/- টাকা হারে দৈনিক ভাতা হারে মোতায়েন করা যাবে। সে মোতাবেক ০১ জন এপিসি ও ০৩ জন আনসার সদস্য মোতায়েন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| অত্র উপজেলা পরিষদের নিরাপত্তায় নিয়োজিত ০১ জন এপিসি ও ০৪ জন আনসার সদস্যের দৈনিক ভাতা প্রদানের নিমিত্ত ব্যয় বিল প্রস্তুত করা হয়েছে। যার টাকার পরিমাণ =১৯,৫০০/-(উনিশ হাজার পাঁচশত) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর |

(১০) উপজেলা পরিষদের অভ্যন্তরে ৩টি শিশু গাছ, ১টি কাঠাল গাছ, ১টি আমগাছ এবং ২টি ডাব গাছ মৃত অবস্থায় দাড়িয়ে আছে। উক্ত গাছগুলি ঝুকিপূর্ণ বিধায় জরুরী ভিত্তিতে অপসারণ করা প্রয়োজন।

সিদ্ধান্ত: উপজেলা পরিষদের অভ্যন্তরে ৩টি শিশু গাছ, ১টি কাঠাল গাছ, ১টি আমগাছ এবং ২টি ডাব গাছ কর্তন করার নিমিত্ত মূল্য নির্ধারনের জন্য বিভাগীয় বন কর্মকর্তাকে পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতপরঃ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

24/06/25

বিকাশ চন্দ্র বর্মণ
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা
হরিপুর, ঠাকুরগাঁও

স্মারক নং:০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২৫-৭৭৬/২

তারিখঃ২৪/০৬/২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো;

০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর বিভাগ, রংপুর
০২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও
০৪। উপজেলা ........................................................কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও
০৫। চেয়ারম্যান ........................................................(সকল) ইউপি, হরিপুর, ঠাকুরগাঁও
০৬। অফিস কপি।

24/06/25

উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও